

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পলিসি সাপোর্ট অধিশাখা

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৬.৯৯.৫৬.২০২৩-৬৮০

তারিখ: ০৩ কার্তিক ১৪৩০
১৯ অক্টোবর ২০২৩

বিষয়: দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩ পালন।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২০২১ সালে “ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা” প্রণয়ন করা হয়। এ নির্দেশিকার অনুচ্ছেদ ৬.৩-এ প্রত্যেক জেলা পর্যায়ে সপ্তাহ/পক্ষকালব্যাপী ‘পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম’ পরিচালনা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠান, সকল সরকারি-বেসরকারি দপ্তর/কার্যালয়, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ব্যবসা প্রতিষ্ঠান, পেশাজীবী সংগঠন, সামাজিক সংগঠন, যুব সংগঠন, শ্রমিক সংগঠন ও সর্বস্তরের জনগণকে এ কার্যক্রমে সম্পৃক্তকরণের বিষয়ে নির্দেশনা রয়েছে।


২। এ বছর ঢাকাসহ দেশের সর্বত্র ডেঙ্গুরোগের সংক্রমণ দেখা দিয়েছে। এ পরিপ্রেক্ষিতে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ইউনিসেফ এর সহায়তায় দেশের ৬৪ জেলায় “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ” পালন ও প্রচারাভিযান পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অদ্য ১৯.১০.২০২৩ তারিখ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম, এমপি জাতীয় পর্যায়ে “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ” এর উদ্বোধন করেছেন।

৩। কর্মসূচির আওতায় ২৯.১০.২০২৩ তারিখ হতে ০৪.১১.২০২৩ তারিখ পর্যন্ত জেলা পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠানসহ সপ্তাহব্যাপী জেলার সর্বত্র ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম পরিচালনা করা হবে। “ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা” অনুযায়ী এ কর্মসূচিতে সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। পরিচ্ছন্নতা অভিযানে জেলার হট-স্পটসমূহে এডিস মশার প্রজননস্থল সনাক্ত ও নির্মূলসহ ঘর-বাড়ি ও প্রতিষ্ঠান পরিদর্শন করে সকলকে সচেতন করা হবে। জেলা প্রশাসকগণ বর্ণিত নির্দেশিকা অনুযায়ী ‘জেলা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় কমিটির’ সভা করে জেলাব্যাপী “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ” পালনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবেন।

৪। প্রচারাভিযান চলাকালীন বর্ণিত নির্দেশিকার ১২ ও ১৪ অনুচ্ছেদ অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করে প্রতিষ্ঠানের চারপাশে এডিস মশার প্রজননস্থল বিনষ্ট করাসহ ছাত্র-ছাত্রীদের এ বিষয়ে সচেতন করা এবং তাদের নিজস্ব বাসগৃহে এডিস মশার প্রজননস্থল ধ্বংসে উদ্বুদ্ধ করা হবে।

৫। এ প্রচারাভিযানে ইউনিসেফ, বাংলাদেশ সহযোগিতা প্রদান করছে। উল্লেখ্য, জেলা পর্যায়ে প্রচারাভিযান পরিচালনার জন্য ইউনিসেফ কর্তৃক একটি ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগ করা হয়েছে। স্থানীয় ইউনিসেফ প্রতিনিধি ও ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম জেলা প্রশাসকগণ-এর সাথে যোগাযোগপূর্বক “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ” পালনে সহায়তা প্রদান করবে। এছাড়া, এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য জনার জন্য মোঃ মনিরুল আলম, ওয়াশ স্পেশালিস্ট, ইউনিসেফ, ঢাকা, ফোন-০১৭১৪১০৮২৩৩, ইমেইল-malam@unicef.org এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৬। এমতাবস্থায়, জেলা পর্যায়ে “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩” পালন-এর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৯.১০.২০২৩

মোঃ এমদাদুল হক চৌধুরী

যুগ্মসচিব

ফোন: ৫৫১৩০৭৫৬

ই-মেইল: psbr@lgd.gov.bd

বিতরণ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক (সকল)

২। জেলা শিক্ষা অফিসার (সকল)

৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি- সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)
- ২। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
- ৬। বিভাগীয় কমিশনার (সকল) - তাঁর আওতাধীন জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ।
- ৭। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৮। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৯। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ১০। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশন
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ওয়াসা
- ১৩। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
- ১৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)
- ১৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/রংপুর/বরিশাল/গাজীপুর/নারায়নগঞ্জ/কুমিল্লা/ময়মনসিংহ সিটি কর্পোরেশন
- ১৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)
- ১৭। চেয়ারম্যান, _____ উপজেলা পরিষদ, জেলা: _____
- ১৮। মেয়র, _____ পৌরসভা, জেলা: _____
- ১৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, _____ উপজেলা, জেলা: _____

তাঁর আওতাধীন জেলা পর্যায়ের কর্মকর্তাদের
নির্দেশনা প্রদানের অনুরোধসহ।

অনুলিপি- সদয় অবগতির জন্য:

- ১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা